

২২. প্রত্যাহার (৫.৩১)
R. J. J. J.
২০/০৩/১৯



বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নির্বাচন অধিদপ্তর
অতিরিক্ত সচিব

নম্বর-১৭.০০.০০০০.০১৬.১৯.০০৮.১৯-২৩৫

তারিখ: ১৪ চৈত্র ১৪২৫
২৮ মার্চ ২০১৯

বিষয়ঃ জনাব মোহাম্মদ শামসুদ্দিন, অফিসার ইনচার্জ, কটিয়াদী থানা (প্রত্যাহারের আদেশপ্রাপ্ত), কিশোরগঞ্জ এর বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, ২৪ মার্চ ২০১৯ তারিখে অনুষ্ঠিত কিশোরগঞ্জ জেলার কটিয়াদী উপজেলা পরিষদ নির্বাচনে অফিসার ইনচার্জ জনাব মোহাম্মদ শামসুদ্দিন আইন শৃঙ্খলা রক্ষার দায়িত্বে ছিলেন। উল্লিখিত উপজেলা পরিষদ নির্বাচনে ২৩ মার্চ ২০১৯ তারিখ রাত ১২.৩০ টা হতে ৪.৩০ টা পর্যন্ত বিভিন্ন ভোটকেন্দ্রে ব্যালট পেপারে জোরপূর্বক সীলমারা হয় বলে সংশ্লিষ্ট রিটার্নিং অফিসার নির্বাচন কমিশনকে অবহিত করেন। নির্বাচনে ব্যাপক অনিয়ম সংগঠিত হওয়ায় নির্বাচন কমিশন কর্তৃক উক্ত নির্বাচন স্থগিত করা হয়। এতে নির্বাচন কমিশনের ভাবমূর্তি ক্ষুণ্ণ হয়।

২। উপরিউল্লিখিত বেআইনি কার্যক্রমের বিষয় জনাব মোহাম্মদ শামসুদ্দিন অবহিত থাকা সত্ত্বেও দায়িত্ব যথাযথভাবে পালন না করে নির্বাচন কমিশনের আদেশ পালনে ইচ্ছাকৃতভাবে ব্যর্থ হয়েছেন এবং কোন প্রতিকারমূলক পদক্ষেপ গ্রহণ করেন নাই। যার ফলে জনাব মোহাম্মদ শামসুদ্দিন, অফিসার ইনচার্জ, কটিয়াদী থানা (প্রত্যাহারের আদেশপ্রাপ্ত) অসদাচরণ করেছেন বলে গণ্য হয়েছেন। এজন্য প্রাথমিকভাবে উক্ত কর্মকর্তাকে প্রত্যাহার এবং পরবর্তীতে নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১ এর ধারা ৫ এর উপধারা (৩) অনুযায়ী মাননীয় নির্বাচন কমিশনের সিদ্ধান্তক্রমে তাঁকে ০২ (দুই) মাসের জন্য সাময়িকভাবে বরখাস্ত করা হয়েছে (কপি সংযুক্ত)। একইসাথে উল্লিখিত অসদাচরণের জন্য চাকরিবিধি অনুযায়ী তাঁর বিরুদ্ধে শৃঙ্খলামূলক কার্যধারা গ্রহণ করার জন্য মাননীয় নির্বাচন কমিশন সিদ্ধান্ত প্রদান করেছেন।

৩। এমতাস্বায়, মাননীয় নির্বাচন কমিশনের উল্লিখিত সিদ্ধান্ত অনুযায়ী কার্যক্রম গ্রহণপূর্বক এ সচিবালয়কে অবহিতকরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

মহাপুলিশ পরিদর্শক
বাংলাদেশ পুলিশ
পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।

২৪ঃ
(মোঃ সাবেদ উর রহমান)
উপসচিব(জ:ব্য:)
ফোন: ৫৫০০৭৫৩০

নম্বর-১৭.০০.০০০০.০১৬.১৯.০০৮.১৯-২৩৫

তারিখ: ১৪ চৈত্র ১৪২৫
২৮ মার্চ ২০১৯

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
২. সিনিয়র সচিব, মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৩. সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৪. সচিব, মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৫. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা

অফিসের ঠিকানাঃ


F:\VPM_2 Documents\19 Police Department\UJ- Office Order Letter-25.03.2019.doc
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ

ফোন : +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স : +৮৮০-০২-৫৫০০৭৫১৫

ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

৬. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব), ঢাকা
৭. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৮. বিভাগীয় কমিশনার,(সংশ্লিষ্ট)
৯. উপমহাপুলিশ পরিদর্শক, (সংশ্লিষ্ট রেঞ্জ)
১০. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১১. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১২. পরিচালক (জনসংযোগ) ও যুগ্ম সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৩. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৪. জেলা প্রশাসক, (সংশ্লিষ্ট)
১৫. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, (সংশ্লিষ্ট)
১৬. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
১৭. পুলিশ সুপার, (সংশ্লিষ্ট)।
১৮. সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তা/জেলা নির্বাচন কর্মকর্তা, (সংশ্লিষ্ট)।
১৯. উপজেলা নির্বাহী অফিসার, (সংশ্লিষ্ট) ও সহকারি রিটার্নিং অফিসার।
২০. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, (সংশ্লিষ্ট)।
২১. জেলা তথ্য অফিসার, (সংশ্লিষ্ট)।
২২. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার-এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৩. মাননীয় নির্বাচন কমিশনার জনাব এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৫. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২৬. উপজেলা নির্বাচন অফিসার, (সংশ্লিষ্ট)
২৭. ভারপ্রাপ্ত কর্মকর্তা, (সংশ্লিষ্ট)।


 (নুর নাহার ইসলাম)
 সহকারী সচিব (জঃব্যঃ-২)